বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ
email:dgmlad1@krishibank.org.bd

ফোন ঃ ০২২২৩৩৮৮৯৪৯
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স ঃ ৮৮-০২-৫৬১২১১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৫)/২০২২-২০২৩/১৮৭৮(১২৫০) তারিখঃ ৩১/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ এসিডি সার্কুলার নং-০২ (৩,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম) তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় বিতরণকৃত ঋণ সমূহ এর নির্ধারিত মেয়াদান্তে অপরিশোধিত ঋণসমূহের উপর সুদ ধার্যকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এবং ক্রেডিট বিভাগের পত্র নং ৪৬৬(১২৫০), তারিখ ১৫/০৯/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার এর আওতায় বিতরণকৃত ঋণ সমূহ নির্ধারিত সময়ের পরে আদায়কৃত ঋণ সমূহের সুদারোপ বিষয়ে এসিডি সার্কুলার নং-০২ এ সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় এবং এ বিষয়ে মাঠ কার্যালয়ে অস্পষ্টতা দেখা দেয়ায় মাঠ কার্যালয়সমূহ হতে টেলিফোনে উক্ত পরিপত্রের আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের বিষয়ে ব্যাখ্যা চাওয়ার প্রেক্ষিতে ঋণের উপর সুদারোপ করার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো ঃ

(ক) এসিডি সার্কুলার নং-০২ এর আওতায় বিতরিত ঋণ সমূহ নির্ধারিত মেয়াদ শেষে সুদাসলে সম্পূর্ণ আদায় এর মাধ্যমে ঋণ হিসাবসমূহ বন্ধ করতে হবে। কিন্তু ঋণ হিসাবটি মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে বা নির্ধারিত সময়সীমার মধ্যে (Due date) পরিশোধিত না হলে ঋণ বিতরণের তারিখ হতে ব্যাংকের প্রচলিত সুদ হারে ঋণগ্রহিতার নিকট হতে সুদাসলে সম্পূর্ণ ঋণ আদায়যোগ্য হবে ;

(খ) এ স্কীমের আওতায় বিদ্যমান গ্রাহকগণের মধ্য হতে ক্ষতিগ্রস্থ গ্রাহকগণকে বিদ্যমান ঋণ সুবিধার অতিরিক্ত ২০ শতাংশ পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা হয়ে থাকলে নির্ধারিত মেয়াদ শেষে সুদাসলে সম্পূর্ণ আদায় এর মাধ্যমে ঋণ হিসাব সমূহ বন্ধ করতে হবে। তবে, ঋণ হিসাবটি মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে বা নির্ধারিত সময়সীমার মধ্যে (Due date) পরিশোধিত না হলে ঋণ বিতরণের তারিখ হতে ব্যাংকের প্রচলিত সুদ হারে সুদাসলে সম্পূর্ণ ঋণ আদায়যোগ্য হবে ;

(গ) এছাড়া এ সার্কুলারের আওতায় মেয়াদোত্তীর্ণ ঋণ হিসাবের ক্ষেত্রে ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগের পরিপত্র নং ৭/২০২০, তারিখ ০১/১০/২০২০ মোতাবেক প্রযোজ্য সুদহার আরোপযোগ্য হবে যা সময়ে সময়ে পরিবর্তনশীল।

০৩। এমতাবস্থায়, এসিডি সার্কুলার নং-০২ এর আওতায় বিতরিত ঋণ সমূহে বর্ণিত নির্দেশনাবলী সহ অত্র ব্যাংক ও বাংলাদেশ ব্যাংকের প্রচলিত নিয়মাবলী অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে আদায় করার জন্য অনুরোধ করা হলো। কোন অস্পষ্টতা বা ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগের উর্ধতন মুখ্য কর্মকর্তা রাজন চন্দ্র বিশ্বাস (মোবাইল নং ০১৭১৭-০৩৫৩০১) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মইনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

চলমান পাতা-০২

বিষয় ঃ এসিডি সার্কুলার নং-০২ (৩,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম) তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় বিতরণকৃত ঋণ সমূহ এর নির্ধারিত মেয়াদান্তে অপরিশোধিত ঋণসমূহের উপর সুদ ধার্যকরণ প্রসঙ্গে।

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৫)/২০২২-২০২৩/ ১৮৭৮(২২৫০) তারিখঃ ৩১/০১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। নথি/মহানথি।

৩১/০১/২০২৩

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক